

ভর্তি-কর্তৃক
আইস-চ্যাপেল
জাতি, ঘর, ও মাসিক
০৭/০৪/২০২৬



জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৬/৩৪৫৬

তারিখ: ০৭/০৪/২০২৬

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার তারিখ ও প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড
সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

ভর্তি পরীক্ষার তারিখ: ২৫ এপ্রিল ২০২৬, শনিবার

সময়: সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত

স্থান: প্রবেশপত্রে (Admit Card) উল্লিখিত কলেজ কেন্দ্র

[পরীক্ষার্থীকে অবশ্যই ইস্যুকৃত প্রবেশপত্রসহ সকাল ১০:১৫ মিনিটের মধ্যে তার জন্য নির্বাচিত কলেজ কেন্দ্রে উপস্থিত
হয়ে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।]

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা
আগামী ২৫ এপ্রিল ২০২৬ তারিখ রোজ শনিবার সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে। প্রায় সাড়ে চার
লক্ষ পরীক্ষার্থী দেশের সকল বিভাগীয় ও জেলা শহরস্থ নির্বাচিত ১৩৮টি কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে।

এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত সকল পরীক্ষার্থীকে আগামী ১১ এপ্রিল থেকে ২৪ এপ্রিল ২০২৬ তারিখের
মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট এর Applicant Login (Honours Login) অপশনে অ্যাপ্লিকেশন আইডি ও পিন
এন্ট্রি দিয়ে প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করতে হবে। এছাড়া ভর্তি বিষয়ক ওয়েবসাইটে Honours Tab এর Admit Card
Download অপশন থেকে প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করা যাবে। পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখ (২৫ এপ্রিল
২০২৬) এর অন্তত তিনদিন পূর্বে কলেজ কেন্দ্রে উপস্থিত হয়ে অথবা সংশ্লিষ্ট কলেজ কেন্দ্রের ওয়েবসাইট থেকে তার আসন বিন্যাস জেনে
নিতে হবে।

পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ও HSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে
হবে এবং প্রবেশপত্র (Admit Card) এ উল্লিখিত সকল নির্দেশনা মেনে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

বিদ্র:- সংশ্লিষ্ট কলেজকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্বাচিত কেন্দ্রসমূহের তালিকা, পরীক্ষার্থীদের তালিকা ও হাজিরাপত্র ডাউনলোড
সম্পর্কিত তথ্য ও নির্দেশনা পর্যায়ক্রমে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয় এর অনুমোদনক্রমে


০৭.০৪.২০২৬

(ড. মোঃ আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

তারিখ: ০৭/০৪/২০২৬

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৬/৩৪৫৬

অনুলিপি:

- ১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৯। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ১০। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ১১। অফিস কপি।


০৭.০৪.২০২৬

(মোঃ মাহবুবুর রহমান)
সহকারী রেজিস্ট্রার